



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সোনাইমুড়ি সরকারি কলেজ



সোনাইমুড়ি, নোয়াখালী।
কলেজ কোড: উচ্চ মাধ্যমিক-৬১০০, স্নাতক (পাস)-৪২০৮, উপবৃত্তি কোড-২৫৯৮৮২৮, EIIN No. 107413
Phone: 0322751099, Mobile: 01878029100 (Office), 01711452385 (P)
ই-মেইল: sonaimurcollege@yahoo.com, web: www.sonaimurcollege.edu.bd

সূত্র-

তারিখ: ২৬/০২/২০২৩ খ্রি.

উপবৃত্তি সংক্রান্ত জরুরী বিজ্ঞপ্তি

অত্র কলেজে ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী, অভিভাবক এবং সংশ্লিষ্ট সকলের অবগতি ও কার্যার্থে জানানো যাচ্ছে যে, তাদের উপবৃত্তির আবেদন ফরম আগামী ২৭/০২/২০২৩খ্রি. থেকে ২৮/০২/২০২৩খ্রি তারিখের মধ্যে কলেজ থেকে সংগ্রহ করতে হবে। সঠিকভাবে পূরণকৃত ফরম প্রয়োজনীয় কাগজপত্রসহ ০৫/০৩/২০২৩খ্রি. তারিখ দুপুর ২টার মধ্যে উপাধ্যক্ষ মহোদয়ের কার্যালয়ে জমা দিতে হবে।

অত্যাবশ্যকীয় কাগজপত্রের তালিকা

- ০১। বাংলাদেশে অনলাইন সুবিধাসম্পন্ন তফসীলভুক্ত ব্যাংকে শিক্ষার্থীর নিজ নামে অথবা বৈধ অভিভাবকের নামে হিসাব খুলে উক্ত হিসাবের ব্যাংক স্টেটমেন্ট জমা দিতে হবে।
অথবা, অভিভাবকের নামে মোবাইল ব্যাংকিং হিসাব এ ব্যবহৃত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি। ফটোকপির উপরে হিসাব অপারেটরের (বিকাশ, রকেট, নগদ, উপায়, শিউর ক্যাশ, এম ক্যাশ) নাম লিখতে হবে।
- ০২। শিক্ষার্থীর অনলাইন জন্ম সনদের ভেরিফিকেশন কপি।
- ০৩। শিক্ষার্থীর এসএসসি-র একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ প্রবেশপত্রের ফটোকপি।
- ০৪। শিক্ষার্থীর পিতা, মাতা/ অভিভাবকের এনআইডি কার্ডের স্পষ্ট ফটোকপি।

বিদ্র: নিম্নলিখিত ভুলের কারণে হিসাব নম্বরে উপবৃত্তির অর্থ জমা হয় না। তাই ফরম পূরণের সময় এই ভুলগুলো কোন ক্রমেই করা যাবে না।

উপবৃত্তির টাকা হিসাব নম্বরে জমা না হওয়ার কারণ

- * পূর্বে এন্ট্রিকৃত মোবাইল ব্যাংকিং একাউন্ট (বিকাশ/নগদ/রকেট/উপায়) একাউন্ট খোলা না থাকা সত্ত্বেও উক্ত হিসাব ব্যবহার করা।
- * একাউন্ট সচল না থাকা।
- * ভুল একাউন্ট/ মোবাইল নম্বর ব্যবহার করা।
- * ব্যবসায়িক (এজেন্ট/ মার্চেন্ট) একাউন্ট নম্বর ব্যবহার করা।
- * প্রতারণামূলক কার্যকলাপে জড়িত একাউন্ট নম্বর ব্যবহার করা।
- * আইন প্রয়োগকারী সংস্থার নির্দেশে বন্ধ থাকা একাউন্ট ব্যবহার করা।
- * হিসাবধারীর **NID** সঠিক না থাকা।
- * গ্রাহক এর পিন সেট না থাকা।
- * এজেন্ট ব্যাংক একাউন্ট এন্ট্রি করে শাখা হিসাবে সংশ্লিষ্ট ব্যাংকের এজেন্ট ব্যাংকিং নির্বাচন না করা।
- * হিসাবধারীর নাম **NID** অনুযায়ী না লেখা।
- * ব্যাংকের নাম ও শাখা সঠিকভাবে না লেখা।
- * ভুল হিসাব নং কিংবা অনলাইন হিসাব নং (১৩-১৭ ডিজিট) ব্যবহার না করা।
- * একই একাউন্ট/ মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থী অথবা একাধিক শিক্ষাপ্রতিষ্ঠানে ব্যবহার করা।

স্বাক্ষরিত/-
২৬/০২/২০২৩ খ্রি.
অধ্যক্ষ
সোনাইমুড়ি সরকারি কলেজ